গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

"জেলা মহাসড়ক যাথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২.৪০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, বরিশাল জোনের ২৪০.৪৬ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৬৬৭.৩৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মে, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫২৬.৭০ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ৭৭.২০%। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা এবং সমাধানের লক্ষ্যে নীতিগত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনার্থে অদ্যকার zoom online-এ সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মূল অনুমোদিত ডিপিপিতে বরিশাল বিভাগের ২৪টি সড়কের উন্নয়ন কাজ ২০টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্ধারিত রয়েছে। বর্তমানে বাস্তব চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন প্যাকেজের সড়কসমূহের ক্ষতিগ্রস্থ এবং পুনঃনির্মাণযোগ্য সড়ক অন্তর্ভুক্ত করা প্রয়োজন। ফলে সড়কের কাজের পরিমাণ বৃদ্ধি পাবে। এ প্রসঙ্গে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, ডিপিপি প্রণয়ণকালে নির্ধারিত সড়কসমূহের দৈর্ঘ্য ও প্রশস্থতা যথাযথভাবে সরেজমিনে পরিদর্শনকরতঃ প্রাক্কলন করা হয়নি। ফলশ্রুতিতে এ পর্যায়ে সড়কের কাজের পরিমান বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে যা অনভিপ্রেত। ডিপিপি প্রণয়নের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলীদের দায়িত্বে অবহেলা ছিল কিনা তা তদন্তপূর্বক এ বিষয়ে প্রতিবেদন এ বিভাগে দাখিলের জন্য সভায় একমত পোষণ করা হয়।

৩.২ প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের আওতায় জেলা সড়কসমূহ ১৮ ফুট প্রশস্থ করা হলেও পিরোজপুর সড়ক বিভাগের আওতায় ১০ কিলোমিটার সড়ক ভুলবশতঃ ১৮ ফুটের পরিবর্তে ১২ ফুট প্রাক্কলন করা হয়েছে। তাই এ সড়কের সামঞ্জস্যতার স্বার্থে সংশোধিত ডিপিপি'তে বর্ণিত সড়কসমূহ ১৮ ফুট প্রশস্থ করা প্রয়োজন। দায়িত্বহীনভাবে ডিপিপি প্রণয়নের জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং পরিদর্শন টীম কর্তৃক সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে পরবর্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সহমত পোষণ করা হয়।

৩.৩ সভায় অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে বিভিন্ন সড়কের মধ্যে বিদ্যমান ১০৩টি কালভার্ট সড়কের প্রশস্থতার সাথে সামঞ্জস্য রেখে পুনঃনির্মাণ করার সংস্থান রয়েছে। কিন্তু মাঠ পর্যায়ে বাস্তবতার নিরিখে ১০৩টি কালভার্টের পরিবর্তে ১৩৮টি কালভার্ট পুনঃনির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, এ বিভাগের উপপ্রধান (পরিঃ ও কার্যঃ),

উপপ্রধান (সওজ জিওবি), পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং-এর প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত পরিদর্শন টীম প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে এ ব্যাপারে মতামত/সুপারিশ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন যা পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করা হবে।

৩.৪ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, বরিশাল অঞ্চলে জেলাসড়কসমূহের পাশে খাল, পুকুর, জলাশয় বিদ্যমান থাকায় রক্ষাপ্রদ কাজের জন্য আরসিসি প্যালাসাইডিং করা আবশ্যক। অনুমোদিত ডিপিপি'তে ২২ কিলোমিটার আরসিসি প্যালাসাইডিং প্রাক্কলন করা হলেও বাস্তবতার নিরিখে ৩৩ কিলোমিটার আরসিসি প্যালাসাইডিং কাজের প্রয়োজন রয়েছে। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি অভিমত ব্যক্ত করেন যে, সতর্কভাবে ডিপিপি প্রণয়ন করা হলে এ জাতীয় অঙ্গের পরিমান এ পর্যায়ে বৃদ্ধির প্রয়োজন হতো না। তাই, সংশোধিত ডিপিপি'তে যেসব অঙ্গের পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে তা গঠিতব্য পরিদর্শন টীম কর্তৃক অধিকতর যাচাই-বাছাই করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

৩.৫ সভায় জানানো হয় যে, বাস্তবতার নিরিখে অতিরিক্ত ১৬০০ মিটার অতিরিক্ত বল্লা প্যালাসাইডিং সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ পর্যায়ে বল্লা প্যালাসাইডিং এর প্রয়োজনীয়তা ও এর টেকনিক্যাল গ্রহণযোগ্যতা বিষয়ে সওজ অধিদপ্তরের টেকনিক্যাল মতামত গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

৩.৬ প্রকল্প পরিচালক জানান যে, সার্বিকভাবে গুনগতমান বজায় রেখে এ প্রকল্পের সমূদয় কাজ সম্পন্ন করতে অতিরিক্ত ০১ (এক) বছর মেয়াদের প্রয়োজন হবে। বর্ণিত প্রকল্পটির ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪. সিদ্ধান্তঃ

৪.১ "জেলা মহাসড়ক যাথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তাবিত বিভিন্ন অঙ্গের হ্রাস/বৃদ্ধির বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপপ্রধান (পরি: ও কার্য:)-এর নেতৃত্বে উপপ্রধান (সওজ-জিওবি), পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর প্রিনধির সমন্বয়ে পরিদর্শন টীম গঠন করতে হবে। উক্ত গঠিত টুম প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'র বিভিন্ন অঙ্গের হ্রাস/বৃদ্ধির বিষয়ে মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন;

৪.২ বর্ণিত প্রকল্পটির ডিপিপি প্রণয়নকালে সংশ্লিষ্ট প্রকৌশলীদের দায়িত্বে অবহেলা ছিল কিনা তা গঠিত পরিদর্শন টীম পর্যালোচনাকরত: এ বিষয়ে পৃথক প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন;

৪.৩ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে;

৪.৪ প্রকল্পের আওতায় চলমান কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে। কোন স্থানে কী ধরণের সাইন, সিগন্যাল, নির্দেশক দেয়া হবে তার তালিকা প্রস্তাবিত আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; এবং

৪.৬ গঠিত পরিদর্শন টীমের সুপারিশ সম্বলিত প্রতিবেদন পুনরায় পিএসসি সভা আয়োজন করে উপস্থাপন করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম

সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৭.২০.১৭৩ তারিখ: ১ আষাঢ় ১৪২৭

১৫ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ (দৃঃ আঃ যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)

৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৯) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন ও প্রকল্প পরিচালক, "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্প

১২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৪) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান